

দুটি সন্তানের বেশী নয়  
একটি হলে ভাল হয়।

পরিশিষ্ট-য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবার পরিকল্পনা অধিদপ্তর  
ক্লিনিক্যাল কন্ট্রোলসেপশন সার্ভিসেস ডেলিভারী কর্মসূচি  
৬, কাওরান বাজার, ঢাকা -১২১৫।

০৩/১১/১৪১৫বাং

স্মারক নং - পপঅ/ক্রিঃসাঃ/বক্ষ্যা-কার্য-৫৪/৯৮/৪৬৮৭

তারিখ: -----

১৫/০২/২০০৯খ্রিঃ

পরিপত্র

বিষয়: পুরুষদের স্থায়ী পদ্ধতি ভ্যাসেকটমি বা এনএসভি সম্পাদনের পর গ্রহীতাকে কনডম সরবরাহ করা।

ভ্যাসেকটমি বা এনএসভি করার সঙ্গে সঙ্গে পুরুষের প্রজনন ক্ষমতা রহিত হয় না, কারণ বীর্যথলি ও বীর্যনালিতে ইতোমধ্যে জমে থাকা শুক্রকীট ৯০ (নব্বই) দিন পর্যন্ত জীবিত থাকতে পারে এবং ঐ ৯০ দিনের মধ্যে স্ত্রীর সঙ্গে মিলনে স্ত্রী গর্ভবতী হতে পারে। পূর্বে ধারণা করা হতো যে, ভ্যাসেকটমি বা এনএসভি করার পর ২০ (বিশ) বার বীর্যপাত হলেই জমে থাকা শুক্রকীট সম্পূর্ণরূপে নিঃশেষ হয়ে যায়। সে জন্য ভ্যাসেকটমি বা এনএসভি সম্পাদনের পর গ্রহীতাকে বর্তমানে ২০ (বিশ) পিস কনডম সরবরাহ করা হয়ে থাকে।

২. বর্তমানে বিভিন্ন সমীক্ষা হতে জানা যায় যে, ২০ (বিশ) বার বীর্যপাত হলেই বীর্যথলি ও বীর্যনালিতে জমাকৃত শুক্রকীট সম্পূর্ণরূপে নিঃশেষ হয়ে যায় না। যার ফলে ২০ বার সহবাসের সময় সরবরাহকৃত ২০ (বিশ)টি কনডম ব্যবহার করার পরও কোনো কোনো ক্ষেত্রে ভ্যাসেকটমি গ্রহীতার স্ত্রী গর্ভবতী হচ্ছেন। ফলে, গ্রহীতার দাম্পত্য জীবনে বিভিন্ন অনাকাঙ্ক্ষিত সামাজিক ও পারিবারিক সমস্যা সৃষ্টি হচ্ছে যা মোটেই কাম্য নয়।

৩. এমতাবস্থায় ভ্যাসেকটমি বা এনএসভি করার পরে গ্রহীতাকে ৯০ দিন পর্যন্ত প্রতিবার স্ত্রীর সঙ্গে সহবাসের সময় কনডম ব্যবহার করার জন্য উপদেশ দিতে হবে এবং কনডম কিভাবে ব্যবহার করতে হবে তা ভালোভাবে বুঝিয়ে দিতে হবে। অথবা গ্রহীতার স্ত্রীকে ঐ দিন থেকে ৯০ দিন পর্যন্ত অন্য কোনো অস্থায়ী পদ্ধতি ব্যবহারের জন্য উপদেশ দিতে হবে এবং তাৎক্ষণিকভাবে সরবরাহ করতে হবে। যদি গ্রহীতা কনডম ব্যবহার করতে ইচ্ছুক হন তবে Couple year protection অনুযায়ী ৯০ দিনের জন্য ৩৬ (ছত্রিশ) পিস কনডম বিনামূল্যে তাৎক্ষণিকভাবে সরবরাহ করতে হবে।

৪. উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

৫. এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত

(মোহাম্মদ আবদুল কাইয়ুম)

মহাপরিচালক

০৩/১১/১৪১৫বাং

স্মারক নং - পপঅ/ক্রিঃসাঃ/বক্ষ্যা-কার্য-৫৪/৯৮/৪৬৮৭/১(১১৮৯)

তারিখ: -----

১৫/০২/২০০৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল),..... অত্র অধিদপ্তর।
২. তত্ত্বাবধায়ক, এমসিএইচটিআই, আজিমপুর, ঢাকা।
৩. পরিচালক, এমএফএসটিসি, মোহাম্মদপুর, ঢাকা।
৪. পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল) ..... বিভাগ।
৫. উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল) জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ..... জেলা।
৬. সহকারী পরিচালক (সিসি) / আঞ্চলিক সুপারভাইজার (সকল), এফপিসিএসটি-কিউএটি, ..... অঞ্চল।
৭. সহকারী পরিচালক (সিসি)/(পপ), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় ..... জেলা।
৮. মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি)/উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা(সকল),.....উপজেলা,  
..... জেলা।

স্বাক্ষরিত

(ডাঃ মোঃ আব্দুল খালেক চকদার)

লাইন ডাইরেক্টর

ক্লিনিক্যাল কন্ট্রোলসেশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম

ফোন- ৮১৫২৩১১